

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৭২

৬৫/ কুরআন মাজীদের তাফসীর (كتاب التفسير)

পরিচ্ছেদঃ ৬৫/৯/১৩. আল্লাহ তা'আলার বাণীঃ মুনাফিকদের মধ্য থেকে কারো মৃত্যু হলে তার জন্য আপনি জানাযার সালাত কখনও পড়বেন না এবং তার কবরের পাশে দাঁড়াবেন না। (সুরাহ বারাআত ৯/৮৪)

بَابِ قَوْلِهِ :{وَلَا تُصلِّ عَلَى أَحَدٍ مِّنْهُمْ مَّاتَ أَبَدًا وَّلَا تَقُمْ عَلَى قَبْرِهَ}.

আরবী

إِبْرَاهِيْمُ بْنُ الْمُنْذِرِ حَدَّتَنَا أَنسُ بْنُ عِيَاضٍ عَنْ عُبَيْدِ اللهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّهُ قَالَ لَمَّا تُوْفِي عَبْدُ اللهِ بْنُ أَبِي جَاءَ ابْنُهُ عَبْدُ اللهِ بْنُ عَبْدِ اللهِ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَأَعْطَاهُ قَمِيْصَهُ وَأَمَرَهُ أَنْ يُكَفِّنَهُ فِيهِ ثُمَّ قَامَ يُصلِّيْ عَلَيْهِ فَأَخَذَ عُمَرُ بْنُ الْخَطَّابِ بِتَوْبِهِ فَقَالَ تُصلِّيْ عَلَيْهِ وَهُو مُنَافِقٌ وَقَدْ نَهَاكَ اللهُ أَنْ تَسْتَغْفِرَ لَهُمْ قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ بِتَوْبِهِ فَقَالَ تُصلِّيْ عَلَيْهِ وَهُو مُنَافِقٌ وَقَدْ نَهَاكَ اللهُ أَنْ تَسْتَغْفِرَ لَهُمْ قَالَ اللهُ عَلَيْهِ وَهُو مَنَافِقٌ وَقَدْ نَهَاكَ اللهُ أَنْ تَسْتَغْفِرَ لَهُمْ قَالَ اللهُ عَلَيْهِ وَهُو مَنَافِقٌ وَقَدْ نَهَاكَ اللهُ أَنْ تَسْتَغْفِرْ لَهُمْ اللهُ إِنْ تَسْتَغْفِرْ لَهُمْ اللهُ عَلَيْهِ وَهُو مَنَافِقٌ وَقَدْ نَهَاكَ اللهُ أَنْ تَسْتَغْفِرْ لَهُمْ عَلَى سَبْعِيْنَ قَالَ فَصلًى عَلَيْهِ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَصلَلَيْنَا مَعَهُ ثُمَّ أَنْزَلَ اللهُ عَلَيْهِ (وَلَا تُصلِّ عَلَى عَلَيْهُ مَّاتَ أَبَدًا وَّلا الله عليه وسلم وَصلَيْنَا مَعَهُ ثُمَّ أَنْزَلَ اللهُ عَلَيْهِ (وَلَا تُصلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَّاتَ أَبَدًا وَلا تَصلُل عَلَى قَبْرِهْإِنَّهُمْ كَفَرُوا بِاللهِ وَرَسُولِه وَمَاتُواْ وَهُمْ فَاسِقُونَ).

বাংলা

৪৬৭২. ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন (মুনাফিক) 'আবদুল্লাহ ইবনু উবাই মারা গেল, তখন তার ছেলে 'আবদুল্লাহ ইবনু 'আবদুল্লাহ রাসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলেন। তিনি [নবী সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম] তার নিজ জামাটি তাকে দিয়ে দিলেন এবং এর দ্বারা তার পিতার কাফনের ব্যবস্থা করার জন্য নির্দেশ দিলেন। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার সালাত আদায়ের জন্য উঠে দাঁড়ালেন। তখন 'উমার ইবনু খাত্তাব (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম-এর কাপড় ধরে নিবেদন করলেন, [হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম] আপনি কি তার ('আবদুল্লাহ ইবনু উবাই)-এর জানাযাহর সালাত আদায় করবেন? সে তো মুনাফিক, অথচ আল্লাহ তা'আলা তাদের (মুনাফিকদের) জন্য ক্ষমা প্রার্থনা করতে আপনাকে নিষেধ করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, (হে 'উমার!) আল্লাহ আমাকে করা বা না করার অবকাশ দিয়েছেন, অথবা বলেছেন, আল্লাহ আমাকে অবহিত করেছেন এবং বলেছেন, 'আপনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেন অথবা নাই করেন (উভয়ই সমান)। যদি আপনি তাদের জন্য



সত্তর বারও ক্ষমা প্রার্থনা করেন তবুও আল্লাহ তাদেরকে কখনই ক্ষমা করবেন না।" (সূরাহ বারাআত ৯/৮০)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি সত্তরবারের চেয়েও অধিকবার ক্ষমা প্রার্থনা করব। বর্ণনাকারী বলেন, এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ 'আলাইহি ওয়াসাল্লাম তার জানাযাহর সালাত আদায় করলেন। আমরাও তার সঙ্গে জানাযাহর সালাত আদায় করলাম। এরপর এ আয়াত অবতীর্ণ হল, ''তাদের (মুনাফিকদের) কেউ মারা গেলে আপনি তার জানাযাহর সালাত কখনও আদায় করবেন না এবং তার কবরের পার্শ্বে দাঁড়াবেন না। তারা তো আল্লাহ ও তার রাসূলকে অস্বীকার করেছে এবং ফাসিক অবস্থায়ই মৃত্যুবরণ করেছে''- (সূরাহ বারাআত ৯/৮৪)।[১২৬৯] (আধুনিক প্রকাশনীঃ ৪৩১১, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৩১২)

English

Narrated Ibn `Umar:

When `Abdullah bin Ubai died, his son `Abdullah bin `Abdullah came to Allah's Messenger () who gave his shirt to him and ordered him to shroud his father in it. Then he stood up to offer the funeral prayer for the deceased, but `Umar bin Al-Khattab took hold of his garment and said, "Do you offer the funeral prayer for him though he was a hypocrite and Allah has forbidden you to ask forgiveness for hypocrites?" The Prophet () said, "Allah has given me the choice (or Allah has informed me) saying: "Whether you, O Muhammad, ask forgiveness for them, or do not ask forgiveness for them, even if you ask forgiveness for them seventy times, Allah will not forgive them," (9.80) The he added, "I will (appeal to Allah for his sake) more than seventy times." So Allah's Messenger () offered the funeral prayer for him and we too, offered the prayer along with him. Then Allah revealed: "And never, O Muhammad, pray (funeral prayer) for anyone of them that dies, nor stand at his grave. Certainly they disbelieved in Allah and His Apostle and died in a state of rebellion." (9.84)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন